তারিখ 19 JAN 1995
পৃষ্ঠা ১ কলাম ১

আজকের কাগজ

03

# রেসিডেন্সিয়াল কলেজে সংঘর্ষে ২ জন আহত

**কাগজ প্রতিবেদক :** মোহাম্মদপুর রেসিডেন্সিয়াল মডেল কলেজের কর্মচারীদের ছেলে-মেয়ের বিরোধকে কেন্দ্র করে এক সংঘর্ষে গতকাল শনিবার সালাহউদ্দিন ও রফিক নামে দু'জন আহত হয়েছেন। এর মধ্যে রফিককে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করানো হয়েছে এবং সালাহউদ্দিনকে প্রাথমিক চিকিৎসার পর ছেড়ে দেয়া হয়েছে।

মোহাম্মদপুর থানা সূত্রে জানা গেছে, উক্ত কলেজের কর্মচারী রফিক আহমেদের মেয়ে জাহানারার (২০) সঙ্গে অপর একজন কর্মচারীর আক্কেল আলীর ছেলে রুহুল আমীন ও নূরে আলমের ঝগড়া বাধে এবং জাহানারা প্রতিপক্ষের হাতে প্রহৃত হয়ে জ্ঞান হারান। এ সময় জাহানারার বাবা রফিক ছুটে এলে নূরে আলম চাপাতি দিয়ে তার মাথায় ও পায়ে আঘাত করে। জাহানারার খালু সালাহউদ্দিন এ সময় ঘটনাস্থলে এলে তাকেও চাপাতির আঘাত করা হয়। এ ব্যাপারে সালাহউদ্দিন বাদী হয়ে মোহাম্মদপুর থানায় একটি মামলা দায়ের করেছেন।